# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-12-2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ১৭ জন শিশুকে ৭-টি বিভাগে তাদের অসামান্য সাফল্যের জন্য "প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার" প্রদান করেছেন।

সর্ব কনিষ্ঠ হিসেবে ফিডের রেটিং পেয়ে বিশ্ব রেকর্ড গড়া খুদে দাবারু বাংলার অনিশ সরকার আজ রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কার গ্রহণ করেছে।

২) আগামী বছর স্বামী বিবেকানন্দ জন্ম বার্ষিকীতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগের সূচনা হবে বলে প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন।

৩) রাজ্য সরকার বাংলার নিজস্ব ক্ষুদ্র ও কুটীর শিল্পকে পর্যটকদের সামনে তুলে ধরতে সমস্ত জেলা সদরে বিশেষ শপিংমল গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে।

৪) বিদ্যুৎ বণ্টন পরিকাঠামো উন্নয়নে সন্তোষ প্রকাশ করে নাবার্ড এই খাতে রাজ্য সরকারকে আরও ৬৬৭ কোটি টাকা ঋণ মঞ্জুর করেছে।

৫) ওড়িশাকে হারিয়ে, বাংলা সন্তোষ ট্রফির সেমিফাইনালে উঠেছে।

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ১৭ জন শিশুকে ৭ টি বিভাগে তাদের অসামান্য সাফল্যের জন্য "প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার" প্রদান করেছেন। শিল্প ও সংস্কৃতি, সাহসিকতা, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, সমাজসেবা, খেলাধুলা এবং পরিবেশে

কৃতিত্বের জন্য ১৪ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের এই ১৭ জন শিশুকে পুরস্কার প্রদান করা হয়। প্রাপকদের হাতে তুলে দেওয়া হয় একটি করে পদক ও অভিজ্ঞানপত্র।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি মূর্মূ এই শিশুদের অভিনন্দন জানিয়ে বলেন, এরা প্রত্যেকেই অনন্য গুণের অধিকারী। তাদের সাফল্য গোটা দেশকে অনুপ্রাণিত করবে।

(বাইট- রাষ্ট্রপতি)

অনুষ্ঠানে রাষ্ট্রপতি বীর বাল দিবস উপলক্ষ্যে দশম শিখ গুরু, গুরু গোবিন্দ সিংহ-এর কনিষ্ঠ পুত্র সাহিবজাদার সাহসিকতা এবং আত্মত্যাগের কথা স্মরণ করেন এবং শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

উল্লেখ্য, ক্রীড়া বিভাগে পুরস্কারপ্রাপ্ত শিশুদের মধ্যে রয়েছে উত্তর ২৪ পরগনার ক্ষুদে দাবাড়ু অনীশ সরকারও। ফিডে ১ হাজার ৫শো ৫৫ এল ও রেটিং করে সর্বকনিষ্ঠ হিসেবে বিশ্বরেকর্ড গড়ায় অনীশকে আজ রাষ্ট্রীয় বীর বাল পুরষ্কার প্রদান করা হয়। পরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিজেতাদের সঙ্গে এক আলাপচারিতায় যোগ দেন। অনীশের মা রেশমা চ্যাটার্জী জানান, এই বিস্ময় প্রতিভা আগামী দিনে দেশকে আরো গৌরবান্বিত করবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেছেন।

(বাইট- রেশমা)

এদিকে, নতুন দিল্লীর ভারত মন্ডপমে বীর বাল দিবসের অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধানমন্ত্রী ঘোষনা করেন, আগামী বছরের শুরুতেই স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগের সূচনা হবে। বিকশিত ভারত গড়ে তোলার রূপরেখা স্থির করতে শহর ও গ্রামাঞ্চলের লক্ষাধিক যুবক যুবতী এই অনুষ্ঠানে অংশ নেবেন।

(বাইট- মোদী)

আজ ফের দিনটি উপলক্ষ্যে পশ্চিম বর্ধমানের বার্নপুরে শোভাযাত্রা বের হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, বাংলার নিজস্ব ক্ষুদ্র ও কুটির শিল্পকে পর্যটকদের সামনে তুলে ধরতে সমস্ত জেলা সদরে বিশেষ শপিং মল গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে । নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সাংবাদিকদের বলেন, এজন্য জমি চিহ্নিত করার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। সেখানে মল তৈরি করতে আগ্রহী সংস্থাকে বিনামূল্যে জমি দেওয়া হবে। তবে এর বিনিময়ে মলের দু'টি তল, স্বনির্ভর গোষ্ঠীকে তাদের উৎপাদিত সামগ্রী বিপণনের জন্য দিতে হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

(বাইট- মুখ্যমন্ত্রী জমি)

এছাড়াও আজ মন্ত্রিসভার বৈঠকে দমকল বিভাগে ২৬৪ জন কে নতুন পদে নিয়োগ করা হবে বলে একটি প্রস্তাব গৃহীত হয়েছে। জঙ্গিপুর ও দাঁইহাট এই দুটি নতুন কেন্দ্র ছাড়াও মোট ছটি অগ্নি নির্বাপন কেন্দ্রে বিভিন্ন পদে ৪৪ জন করে নিয়োগ করা হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি চলতি মাসের ৩০ তারিখ সন্দেশখালি যাচ্ছেন। ঐদিন দুপুরে সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে বিভিন্ন সরকারি প্রকল্পে ২০ হাজার উপভোক্তার হাতে সহায়তা প্রদানের তিনি সূচনা করবেন। মুখ্যমন্ত্রীর সন্দেশখালি সফর রাজনৈতিক দিক থেকেও তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। কারণ গত লোকসভা ভোট পর্বে ওই এলাকায় নারী নিগ্রহের অভিযোগ নিয়ে সর্বভারতীয় রাজনীতিতে আলোড়ন তৈরি হওয়ার পর এটাই মুখ্যমন্ত্রীর প্রথম সন্দেশখালি সফর।

এছড়া আগামী ২ জানুয়ারী নবান্ন সভাঘরে রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে বসবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পড়শী দেশে অস্থির পরিস্থিতির মধ্যেই অনুপ্রবেশকারী ও মানব পাচার চক্রের বিরুদ্ধে রাজ্যের বিভিন্ন সীমান্তবর্তী জেলায় লাগাতার অভিযান চলেছে। নদীয়ায় রানাঘাট পুলিস জেলার অন্তর্গত হাঁসখালি ও  ধানতলা থানা এলাকায় অভিযান চালিয়ে মোট ১৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এদের মধ্যে দশজন বাংলাদেশি নাগরিক ও পাঁচজন অনুপ্রবেশে সাহায্যকারী টাউটার বা দালাল।

এদিকে, বাম জমানা থেকে শুরু হয়ে তৃণমূল কংগ্রেসের আমলে পশ্চিমবঙ্গ জঙ্গিদের জন্য নিরাপদ আশ্রয় স্থল হয়ে উঠেছে বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগণার কামারহাটি ও পানিহাটি এলাকায় আজ সকালে দলের সদস্য সংগ্রহ অভিযানে অংশ নিয়ে সাংবাদিকদের তিনি বলেন, দেশের আভ্যন্তরীণ নিরাপত্তার বর্তমান রাজ্য সরকারের কাছে গুরুত্ব পায় না। সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করতে হলে কোনো রাজনৈতিক বা ধর্মীয় বিভাজন রাখলে চলবে না বলেও তিনি মন্তব্য করেন।

(বাইট- শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদ্যুৎ বণ্টন পরিকাঠামো উন্নয়নে সন্তোষ প্রকাশ করে জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ণ ব্যাঙ্ক - নাবার্ড এই খাতে রাজ্য সরকারকে আরও ৬৬৭ কোটি টাকা ঋণ মঞ্জুর করেছে। সম্প্রতি নাবার্ডের পরিকাঠামো উন্নয়ন তহবিল থেকে ওই খাতে রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থাকে সাত জেলায় গ্রিড সাবস্টেশন নির্মান ও সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণের জন্য সহজ শর্তে এই ঋণ অনুমোদন করা হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। এর ফলে রাজ্যের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা আরও আধুনিক ও ত্রুটি মুক্ত হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে।

oooooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের ভাতারের ওড়গ্রামে একটি পল্ট্রি ফার্মে আগুন লেগে প্রায় ৫ হাজার মুরগীর মৃত্যু হয়েছে। গতরাতেই ফার্মটিতে আগুন জলতে দেখে এক কর্মী মালিককে খবর দেন। দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে যাওয়ার আগেই স্থানীয়দের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। ফার্ম মালিক বাসুদেব চক্রবর্তী জানিয়েছেন, সেখানে প্রায় ২০ হাজার মুরগীর ছানা ছিল। শীতের সময় বাচ্চাগুলিকে গরম রাখতে জালানো ১-শো ওয়াটের বাল্ব অতিরিক্ত গরম হয়ে ফেটে গেলে শর্টসার্কিট হয়, তার জেরে এই আগুন বলে মনে করা হচ্ছে। ৫ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে বাসুদেববাবু জানিয়েছেন।

oooooooooooooooooooooo

আলিপুরদুয়ার-১ ব্লকের মথুরা চা বাগান এলাকায় আজ সকালে আরো একটি চিতাবাঘ ধরা পড়েছে। বন দফতরের পাতা খাঁচায় বন্দী হওয়া বাঘটিকে দেখতে চা বাগানে প্রচুর মানুষ ভিড় জমান। চিলাপাতা রেঞ্জের বনকর্মীরা চিতাবাঘটিকে উদ্ধার করে নিয়ে গেছেন।

উল্লেখ্য, বেশ কয়েক মাস আগে থেকেই মথুরা চা বাগানে চিতাবাঘের আতঙ্ক ছড়িয়েছিল। এর আগে ওই এলাকা থেকে প্রায় দুই সপ্তাহের ব্যবধানে দু'টি চিতাবাঘকে খাঁচাবন্দি করা হয়েছিল। পরপর তিনটি চিতাবাঘ উদ্ধারের ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে এলাকায়।

oooooooooooooooooooo

ওড়িশার সিমলিপাল থেকে ঝাড়খন্ড হয়ে এরাজ্যে আসা বাঘীনি জিনাত, গত চারদিন ধরেপুরুলিয়ার বান্দোয়ানের রাইকার জঙ্গলে ঘাঁটি গেড়েছে। এখনো তাকে বাগে আনা যায়নি। বাঘ যাতে কোনোভাবেই লোকালয়ে আসতে না পারে, সেইজন্য জঙ্গল লাগোয়া শবর টোলাগুলিতে নাইলনের নেট দিয়ে ঘেরার কাজ শুরু হয়েছে।

এদিকে, ছাত্র-ছাত্রী বিশেষ করে খুদে পড়ুয়াদের মধ্যে বাঘের আতঙ্ক দূর করতে এবং তাদের বিদ্যালয়মুখী করতে সচেতনতা প্রচার করছেন বিদ্যালয় শিক্ষকরা।

oooooooooooooooooo

উপভোক্তা সচেতনতার প্রসার এবং তাদের প্রাপ্য অধিকারগুলি রক্ষা করার লক্ষ্যে প্রতি বারের মতো আজ ক্রেতা সুরক্ষা মেলার সূচনা হয়েছে। । কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এই মেলার উদ্বোধন করেন দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র। তিনি বলেন, ক্রেতা সচেতনতা এবং তাদের সুরক্ষা দেয়াই দপ্তরের কাজ। কিন্তু কাজের পরিধি অনেকটাই বাড়ানো হয়েছে। সেই বার্তাই সকলের কাছে পৌঁছে দিতে এই মেলার আয়োজন।

oooooooooooooooo

বাংলা, জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির সেমিফাইনালে উঠেছে। তেলেঙ্গানায় আজ কোয়ার্টার ফাইনালে বাংলা ৩-১ গোলে ওড়িশাকে হারিয়ে দিয়েছে। বাংলার পক্ষে নরহরি শ্রেষ্ঠা, রবি হাঁসদা, মনোতোষ মাঝি গোল করেছেন। ওড়িশার রাকেশ ওরাও গোল করেন। আগামী রবিবার বেলা আড়াইটেয় বাংলা, সেমিফাইনালে খেলতে নামবে।

oooooooooooooooooooooo

দিল্লির জওহরলাল নেহরু স্টেডিয়ামে আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফ সি, র মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে পাঞ্জাব এফ সি ১-০ গোলে এগিয়ে আছে।

মোহনবাগান ১২ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে আছে। সপ্তম স্থানে থাকা পাঞ্জাব এফ সি ১১ ম্যাচে পয়েন্ট ১৮ ।

০০০০০০০০০০০০০০০০০০০

হায়দ্রাবাদে আজ বাংলা ও ত্রিপুরার মধ্যে বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে। দুই দলই দুই পয়েন্ট করে সংগ্রহ করেছে। বৃষ্টির কারনে ম্যাচ দেরিতে শুরু হয় ও ম্যাচ ২৫ ওভারের করার সিদ্ধান্ত নেন আম্পায়াররা। বাংলা টসে জিতে ত্রিপুরাকে ব্যাট করতে পাঠায়। ত্রিপুরা ২৫ ওভারে ৭ উইকেটে ২০১ রান তোলে।

জবাবে ব্যাট করতে নেমে বাংলা ৬ ওভার ২ বলে ২ উইকেটে হারিয়ে ৪২ রান করার পর বৃষ্টির কারণে খেলা বন্ধ হয়ে যায়। এই ম্যাচ অমীমাংসিতভাবে শেষ হওয়ায় বাংলা ২ ম্যাচে ৬ পয়েন্ট সংগ্রহ করেছে।

বাংলা শনিবার সেকেন্দ্রাবাদের জিমখানা গ্রাউন্ডে তাদের পরবর্তী ম্যাচে বরোদার মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০